



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং : জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী/২০২০/ব্যবঃ/৩৮৮(অংশ-৩/৫২৪৮)

তারিখ : ০৫/০১/২০২৫

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ব্যবহারিক পরীক্ষা আগামী ১৩/০১/২০২৫ থেকে ০৬/০২/২০২৫ইং পর্যন্ত অনুষ্ঠিত হবে। এ পরীক্ষার কেন্দ্র তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটেঃ www.nu.ac.bd or www.nubd.info -এ পাওয়া যাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য নিয়োগপ্রাপ্ত বহিঃপরীক্ষকগণ স্ব-স্ব মোবাইলে ক্ষুদে বার্তার মাধ্যমে তাঁর জন্য নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা জানতে পারবেন। এ পরীক্ষার বহিঃপরীক্ষকগণকে TMIS Login-এ নিজ নিজ User Name, Password ব্যবহার করে TMIS Profile-এর Inbox থেকে নিয়োগপত্র ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে সংশ্লিষ্ট কেন্দ্র TMIS Login থেকে TMIS-এ কলেজের জন্য নির্ধারিত User Name, Password ব্যবহার করে TMIS Profile-এর Inbox থেকে ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ব্যবহারিক পরীক্ষার বিষয়ওয়ারী বহিঃপরীক্ষকের তালিকা ডাউনলোড করে নিবেন। সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে নিয়মানুযায়ী পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে পরীক্ষা গ্রহণ ও অন-লাইনে নম্বর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। পরীক্ষা গ্রহণ, ডাটা-এন্ট্রি ও নম্বর প্রেরণ সংক্রান্ত নিয়মাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে। ডাটা এন্ট্রির ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ।

(মোঃ এনামুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : controller@nu.ac.bd

স্মারক নং : জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী/২০২০/ব্যবঃ/৩৮৮(অংশ-৩/৫২৪৮)

তারিখ : ০৫/০১/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ২। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
- ৫। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২
(ব্যবহারিক প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রের চাহিদা অনুযায়ী সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)
- ৬। পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৭। অফিস কপি।

(মোঃ আশরাফ আলী)

অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ই-মেইলঃ nudegreepassexam@gmail.com